গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সমন্বিত উপবৃত্তি কর্মসূচি**
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
hsp@pmeat.gov.bd

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/৪৭/২(৫১৭) তারিখ: ৩১.০১.২০২২ খ্রি.

**বিষয় : সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে বিশেষ করে নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী ৮ম শ্রেণি হতে উত্তীর্ণ হয়ে অন্য শিক্ষা প্রতিষ্ঠানে ৯ম শ্রেণিতে ভর্তি এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী বদলি অথবা শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করলে উক্ত শিক্ষার্থীদের তথ্য HSP-MIS এ আগামী ১৭.০২.২০২২ তারিখের মধ্যে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করে শিক্ষার্থী ট্রান্সফার কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠান হতে বদলি/নতুন ভর্তিকৃত শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী ট্রান্সফার কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে শিক্ষার্থীর শ্রেণি একই শ্রেণিতে (অর্থাৎ ৮ম হতে ৮ম) বিদ্যমান থাকবে। পরবর্তীতে এই প্রক্রিয়ায় প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে HSP-MIS এর মাধ্যমে কেন্দ্রীয়ভাবে ২০২২ শিক্ষাবর্ষের সকল শিক্ষার্থীর শ্রেণি পরিবর্তন করা হবে।

২। শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করার নিয়মাবলী:

- User Id ও Password ব্যবহার করে HSP-MIS এ লগইন করুন;
- ড্যাশ বোর্ডে "উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী" বাটনে ক্লিক করুন;
- "শিক্ষার্থীর প্রতিষ্ঠান পরিবর্তন" বাটনে ক্লিক করুন;
- 'খুঁজুন' বাটনে ক্লিক করুন;
- "কার্যক্রম" কলামে (আই আইকন) বাটনে ক্লিক করুন;
- "বদলিকৃত শিক্ষার্থীর তথ্য" ফরমটি পূরণ করুন;
- সঠিকভাবে বদলিকৃত/নতুন ভর্তিকৃত শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করুন;
- নির্বাচিত তথ্য শতভাগ সঠিক নিশ্চিত হয়ে ট্রান্সফার বাটনে ক্লিক করুন।

৩। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগনকে উক্ত বিষয়টি অবহিতকরণসহ মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার বা শিক্ষা প্রতিষ্ঠানের User Name/ID ও Password ভুলে গেলে বা অন্য কোন কারণে HSP-MIS এ লগ ইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

**সংযুক্তি: শিক্ষা প্রতিষ্ঠান বদলি/পরিবর্তনের ফরম।**

৩১/০১/২২

**(শরীফ মোর্তজা মামুন)**
স্কিম পরিচালক
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/৪৭/৫১৭/২(২৩) তারিখ: ৩১.০১.২০২২ খ্রি.

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০২। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

০৩। টিম লিডার (আইটি), SPFMS, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
০৪। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
(দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)
০৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
০৬। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
০৭। উপজেলা/থানা একাডেমিক সুপারভাইজার, সকল উপজেলা/থানা।
০৮। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
০৯। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(পিএমইএটি -এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(HSP-MIS এ শিক্ষার্থীর প্রতিষ্ঠান পরিবর্তন অপশন চালু কারার অনুরোধসহ)।
১৩। সংরক্ষণ নথি।

31/07/2022

(মোঃ তৌফিক এরফান)
গবেষণা কর্মকর্তা (প্রশাসন)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম,
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়

## উপবৃত্তি উপকারভোগী শিক্ষার্থীর শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন/বদলের ফরম
(উপকারভোগী শিক্ষার্থী শুধু শিক্ষাবর্ষের ১ম সেমিস্টারে প্রতিষ্ঠান বদল করতে পারবে)

১-উপজেলা-

২-জেলা-

৩-আবেদনকারীর আইডি নং

৪-আবেদনকারীর জন্ম নিবন্ধন নং-

৫-আবেদনকারীর নাম-

৬-মাতার নাম-

৭-পিতার নাম

৮-বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানের নাম

৯-ইআইআইএন নম্বর-

১০-আবেদনকারী শিক্ষার্থীর বর্তমান শ্রেণি-

১১-যে প্রতিষ্ঠান থেকে বদলি হয়ে এসেছে সে প্রতিষ্ঠানের নাম-

১২-প্রতিষ্ঠানের ইআইআইএন নম্বর-

১৩-পূর্বের অধ্যয়নরত শ্রেণি-

১৪-বিগত ছয় মাসে প্রতিষ্ঠানের মোট কর্ম দিবস-

১৫-সাময়িক/বার্ষিক পরীক্ষার মোট নম্বর-

নিম্নের অংশ শুধু মাত্র ৭ম, ৮ম, ১০ম ও ১২শ শ্রেণির উপকারভোগী শিক্ষার্থীর জন্য প্রযোজ্য

| শিক্ষা বর্ষ<br>বিগত ছয় মাসে শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিতি দিনের সংখ্যা | সাময়িক/ বার্ষিক পরীক্ষায় গ্রেড/নম্বর | মন্তব্য |
|---|---|---|
| | | |

নিম্নের অংশ শুধু মাত্র ৯ম ও ১১শ শ্রেণির উপকারভোগী শিক্ষার্থীর জন্য প্রযোজ্য

| ৯ম ও ১১শ শ্রেণির শিক্ষার্থীদের জেএসসি/জেডিসি/এসএসসি/দাখিল পরীক্ষার তথ্যাদি | | | |
|---|---|---|---|
| জেএসসি/জেডিসি/ এসএসসি/দাখিল পরীক্ষার রোল নং | জেএসসি/জেডিসি/ এসএসসি/দাখিল পরীক্ষায় প্রাপ্ত গ্রেড | জেএসসি/জেডিসি/ এসএসসি/দাখিল পরীক্ষা পাসের সন | জেএসসি/জেডিসি/ এসএসসি/দাখিল পরীক্ষার বোর্ডের নাম |
| | | | |

পূর্বের শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও তারিখ
মোবাইল ফোন নম্বর ও প্রতিষ্ঠানের সিল

বর্তমান শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও তারিখ
মোবাইল ফোন নম্বর ও প্রতিষ্ঠানের সিল

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরে বর্ণিত তথ্যাদি যাচাই বাছাই করে সত্যতা সম্পর্কে নিশ্চিত হওয়া গিয়েছে এবং উপরে বর্ণিত উপবৃত্তি উপকারভোগী শিক্ষার্থীকে ২০২-- সালের জানুয়ারি-জুন/জুলাই-ডিসেম্বর সেমিস্টারে উপবৃত্তির কোনো অর্থ বিতরণ করা হয়নি।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের স্বাক্ষর ও তারিখ

মোবাইল ফোন নম্বর ও অফিসের সিল